রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

## প্রজ্ঞাপন

তারিখ, ১লা মার্চ, ২০০১/১৭ই ফাল্গুন, ১৪০৭

এস, আর, ও নং ৫৬-আইন/২০০১।—আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭নং আইন) এর ধারা ৪৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের পূর্বানুমোদনক্রমে, আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালায় প্রবিধান ৫ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৫ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৫। তরল সম্পদ সংরক্ষণ।—(১) প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান সর্বদা নিম্নরূপ তরল সম্পদ সংরক্ষণ করিবে, যথা ঃ—

(ক) মেয়াদী আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে—

(অ) উক্ত মেয়াদী আমানতের ৫% এর সমপরিমাণ তরল সম্পদ, নগদ টাকায় (Cash Reserve) ২.৫% এবং অন্যবিধ আকারে ২.৫% ; এবং

(আ) উহার অন্যান্য দায় এর ৫% এর সমপরিমাণ তরল সম্পদ নগদ টাকায় বা অন্যবিধ আকারে ;

(খ) মেয়াদী আমানত ব্যতীত অন্যান্য আমানত গ্রহণ করে এইরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে, উহার মোট দায় এর ২.৫% এর সমপরিমাণ তরল সম্পদ ;

(গ) কোন আমানত গ্রহণ করে না এইরূপ আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে, উহার মোট দায় এর ২.৫% এর সমপরিমাণ তরল সম্পদ।


মূল্য ঃ টাকা ১.০০

(২) উপ-প্রবিধান (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ ব্যাংক—

(ক) যে কোন আর্থিক প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের নির্দেশ দিতে পারিবে ;

(খ) আর্থিক প্রতিষ্ঠানগুলিকে উক্ত উপ-প্রবিধানের দফা (ক), (খ) এবং (গ) তে উল্লিখিত শ্রেণীরূপে চিহ্নিত করিয়া তালিকা প্রণয়ন ও সংরক্ষণ করিবে ; এবং

(গ) প্রয়োজনবোধে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের লাইসেন্সে এতদ্‌বিষয়ে যথাযথ তথ্য উল্লেখ করিতে পরিবে।"

বোর্ড অব ডাইরেক্টরস এর আদেশক্রমে,

**এ, এইচ, তৌফিক আহমেদ**
ডেপুটি গভর্নর।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।